যাওয়ার এবং দাওলাতুল ইরাক আল ইসলামীর সাথে মিশে যাওয়ার ঘোষণা প্রদান করেন। তখন থেকে আল কায়েদার সাথে দাওলাতুল ইসলামের ভ্রাতৃত্ব ও সহানুভূতির সম্পর্ক। দাওলার নেতৃবৃন্দ ও সৈনিকগণ আল্লাহর শত্রুদের বিরুদ্ধে জিহাদের ময়দানে অগ্রগামীতার দরুণ আল কায়েদার নেতৃবৃন্দকে সম্মান ও মর্যাদার চোখে দেখতেন। কিন্তু তাদের মধ্যে কোনো শরয়ী বাইআত ছিল না। মুসলমানদের মধ্যে ঐক্য ও একতা ধরে রাখতে দাওলাতুল ইসলামের মুজাহিদীন ও আল কায়েদার মধ্যে এই উষ্ণ ও ভালবাসার সম্পর্ক বজায় ছিল। কিন্তু... এটাই হলো বহুল কাঙ্ক্ষিত ও স্পর্শকাতর বিষয়।

আমরা পূর্বেই বলেছি যে, আল কায়েদার প্রতি দাওলার শরয়ী বাইআত ছিল না। এতদসত্ত্বেও দাওলা নিজেদের ইচ্ছা ও উদ্দেশ্যের বিপরীত হলেও সম্মান ও মর্যাদার দৃষ্টিকোণ থেকে আল কায়েদার দিকনির্দেশনা মেনে চলত। যেন ফিতনা সৃষ্টি না হয়। যেমন: ইরানে আক্রমণের ব্যাপারে। দাওলা ইরানে আক্রমণের ব্যাপারে প্রস্তুত ও আগ্রহী ছিল। কিন্তু আল কায়েদা ইরানে আক্রমণ না করার নির্দেশনা দেয়।

দাওলার মুজাহিদীন ইরানের প্রতি প্রচণ্ড ক্ষোভ সত্ত্বেও আল কায়েদার এই নির্দেশনা মেনে নেন। তারা বিশৃঙ্খলা সৃষ্টি করতে চাননি। কিন্তু অনেকেই এই বিষয়টা বুঝতে ভুল করেছে। তারা মনে করেছে দাওলা আল কায়েদার প্রতি বাইআতবদ্ধ। অথচ বিষয়টি এমন নয়। বরং প্রকৃত বিষয় এর বিপরীত।

আমরা উল্লেখ করেছি যে, ইরাকের আল কায়েদার শাখা দাওলাতুল ইরাক আল ইসলামীকে বাইআত প্রদান করেছিল। কিন্তু এখানে ভুল বুঝার

কারণে অনেক বড় ফিতনা সৃষ্টি হয়েছে। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। দাওলার নেতৃবৃন্দ এ বিষয়টি স্পষ্ট করেছেন। শায়খ আবু মুহাম্মদ আল আদনানী ‘উজরান আমিরাল কায়েদা’ শিরোনামে এক অডিও বক্তব্যে আল কায়েদার এই দাবি খন্ডন করেছেন। তিনি স্পষ্ট করে দিয়েছেন যে, আল কায়েদা ও দাওলার মাঝে সম্পর্ক ছিল পারস্পরিক সম্মান, মর্যাদা, ভ্রাতৃত্ব ও সহানুভূতির ভিত্তিতে। আল কায়েদার প্রতি দাওলার কোনো আবশ্যকীয় শরয়ী বাইআত ছিল না। এটাই হলো বাস্তব অবস্থা। এটাই ছিল খিলাফা ঘোষণার পূর্বে আল কায়েদার সাথে দাওলাতুল ইসলামের সম্পর্ক।

দ্বিতীয় পরিচ্ছেদ:
দাওলাতুল ইসলাম, জাবহাতুন নুসরাহ ও মতপার্থক্যের বাস্তবতা।

শামে যখন জাগরণ শুরু হলো এবং মানুষ তাগুত নুসাইরী সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করল। সরকারের পতন ঘটানোর চেষ্টা করল, তখন তাগুত সরকার তার পা চাটা বাহিনীকে লেলিয়ে দিয়ে মুসলমানদের জান-মাল ও সম্মানের উপর আঘাত হানতে শুরু করল। তাগুত সরকার আহলে সুন্নাত ওয়াল জামাতের উপর ভয়াবহ নির্যাতন চালাল। এর মাধ্যমে ইসলাম ও মুসলমানদের প্রতি তাদের ঘৃণা ও বিদ্বেষ স্পষ্ট হয়ে গেল। বিদ্রোহের এই সময়ে নুসাইরীদের কারাগার থেকে কিছু ভাই বের হতে সক্ষম হলেন। তাদের মধ্যে একজন ছিলেন আবু মুহাম্মদ জাওলানি। বন্দী হওয়ার পূর্বে তিনি ছিলেন দাওলাতুল ইরাক আল ইসলামীর একজন মুজাহিদ। তিনি দাওলার নেতৃত্বে ও পতাকাতলে লড়াই করতেন। কারাগার থেকে বের হয়ে জাওলানি ইরাকে আসেন।

শামের বিদ্রোহ ততদিনে সশস্ত্র রুপ লাভ করেছে। এর অন্যতম কারণ ছিল, কাফের নুসাইরী সরকারের জুলুমের মাত্রা সীমা ছাড়িয়ে যাওয়া। এ সময় ইরাকের মুজাহিদগণ ব্যথিত ও বেদনাহত ছিলেন। তারা তাদের শামের মজলুম ভাইদেরকে তাগুতের জুলুম নির্যাতন থেকে মুক্ত করতে চাচ্ছিলেন। পাশাপাশি শামের সবদিক থেকেই (মুজাহিদদের কাছে) সাহায্য প্রার্থনার আবেদন আসছিল। দাওলাতুল ইসলামের মুজাহিদগণ জুলুম সহ্য করতেন না এবং তারা পৃথিবীর সকল মুসলমানদের ব্যাপারে ফিকির করতেন। তাই তারা শামের দুর্বল মুসলমানদের সাহায্যে ছুটে আসেন।

• • •

অবশ্য এটা ছিল তাদের উপর ওয়াজিব। যেহেতু তারা ছিলেন শামের নিকটবর্তী এবং শামবাসীও তাদের কাছে সাহায্য প্রার্থনা করেছিল। তখন দাওলাতুল ইরাক আল ইসলামী কঠিন ও অভাবের সময় অতিক্রম করছিল। ইরাকে তারা ভয়াবহ এক যুদ্ধে লিপ্ত ছিল। এতদসত্ত্বেও তারা তাদের শামীয় ভাইদেরকে সাহায্যে পিছপা হননি। তাগুত নুসাইরি সরকারের জুলুম ও অবাধ্যতা রুখে দেওয়া ছিল জরুরী। তাই দাওলাতুল ইরাক আল ইসলামী এ কাজের জন্য আবু মোহাম্মদ জাওলানিকে নির্বাচন করে। শায়েখ আবু বকর আল বাগদাদী তাকাব্বালাহুল্লাহ তাকে শামে প্রেরণ করেন। সাথে করে তিনি তাকে দাওলাতুল ইরাক আল ইসলামীর অর্ধেক সম্পদ ও সৈন্য দিয়ে দেন। যদিও তখন দাওলা ইরাকে কঠিন সময় পার করছিল। তিনি তাকে শামে জিহাদের শক্তিশালী ঘাটি স্থাপনের জন্য শরয়ী ও সামরিক সবদিক থেকে সাহায্য করেন। যা ছিল দাওলা শামে সম্প্রসারিত হওয়ার প্রথম পদক্ষেপ। জাবহাতুন নুসরাহ শামবাসীর সাহায্যে জাওলানীর নেতৃত্বে এগিয়ে চলছিল।

শুরুতে এই নাম গ্রহণ করা হয় এবং দাওলা নামটি দেওয়া হয়নি, যেন শুরুতেই পশ্চিমা ও আরবের মিডিয়াগুলো সাধারণ মুসলমানদের চোখে মুজাহিদদেরকে বিকৃতভাবে উপস্থাপন না করে। উগ্রবাদী, চরমপন্থী ও সন্ত্রাসী বলে মানুষকে তাদের থেকে দূরে সরিয়ে না দেয়। উদ্দেশ্য ছিল যেন মানুষ মুজাহিদদের প্রতি মিডিয়ার প্রোপাগান্ডা ও ওলামায়ে সু'দের অপবাদ থেকে দূরে থেকে সরাসরি মুজাহিদদেরকে দেখে এবং তাদের আকিদা ও মানহাজ হৃদয়ঙ্গম করে।

মুজাহিদদের এই কৌশল বেশ কাজে লাগে। আল্লাহর তাওফিকে প্রাথমিক দিকে জাবহাতুন নুসরাহ তার লক্ষ্য পূরণ করতে সক্ষম হয়। আর এটা ছিল

আল্লাহর অনুগ্রহ। জাওলানীর সাথে ইরাক থেকে আসা নেতৃবৃন্দ ক্রমাগত আঘাতে নুসাইরি সরকারকে ক্লান্ত করে তোলেন। এতে করে চতুর্দিকে তাদের সুনাম ও সুখ্যাতি ছড়িয়ে পড়ে। তাদের আকিদা ও মানহাজ মুসলমানদের কাছে স্পষ্ট হয়ে যায়।

জ্ঞান ও সূক্ষ্মদৃষ্টির অধিকারীরা বুঝতে সক্ষম হন যে, জাবহাতুন নুসরাহ দাওলাতুল ইরাক আল ইসলামীর শাখা। তাদের বক্তব্য ও বিবৃতিতে এই বিষয়টি স্পষ্ট হয়ে ওঠে। বরং এই সম্পৃক্ততা আরো বেশি স্পষ্ট হয়ে ওঠে তাদের সামরিক কার্যক্রমের ধরনের মধ্যে। কারণ তারা সামরিক কার্যক্রমে হুবহু দাওলাতুল ইরাক আল ইসলামীর অনুসরণ করছিল।

জাবহাতুন নুসরাহ তার কুরবানির ফল পেতে শুরু করে এবং সাধারণ মানুষও মুজাহিদদের বাস্তব অবস্থা জানতে পারেন এবং তাদের মধ্যে ভালো সম্পর্ক গড়ে ওঠে। জাবহাতুন নুসরার সাথে সাধারণ মুসলমানদের সম্পর্ক এতটা গভীর হয়ে ওঠে, যাতে ফাটল সৃষ্টি হওয়া অস্বাভাবিক ছিল।

এখানে উল্লেখযোগ্য একটি বিষয় হলো, যখনই জাবহাতুন নুসরার আকিদা ও মানহাজ স্পষ্ট হয়ে যায়, তখন আমেরিকা ও পশ্চিমারা তাদেরকে একটি সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে নথিভুক্ত করে। কিন্তু শামের সাধারণ মুসলমানগন বরাবরই এটি অস্বীকার করে আসছিলেন। ধীরে ধীরে সাধারণ মুসলমানগণ পশ্চিমাদেরকে উপেক্ষা করে জাবহাতুন নুসরার পতাকাতলে জড়ো হলেন। পশ্চিমারা চেয়েছিল সাধারণ মুসলমানদের মধ্যে মুজাহিদদের ব্যাপারে ঘৃণা ছড়িয়ে দিতে।

এ পর্যায়ে এসে দাওলাতুল ইসলামের নেতৃবৃন্দ জাবহাতুন নুসরাহ ও দাওলাতুল ইসলামের মধ্যকার সম্পৃক্ততা ঘোষণা করার প্রয়োজন অনুভব

করলেন। (যেন মানুষ জানতে পারে) জাবহাতুন নুসরাহ দাওলাতুল ইসলামের শাখা এবং শামে দাওলাতুল ইসলামের সম্প্রসারিত অংশ। কারণ তখন কিছু কিছু দল মুজাহিদদের কুরবানির ফসল নিজেদের পকেটে ভরতে চাচ্ছিল। যেমনটা পূর্বে ইরাকে হয়েছে। এই দলগুলো তথাকথিত গণতন্ত্রের প্রলোভনে রাজনীতির টেবিলে শামের জিহাদের সমাধান করতে চাচ্ছিল। আর এতে করে মুজাহিদদের কুরবানি মাটি হয়ে যেত। বরং হয়তো মেরে মুজাহিদদেরকে শেষ করে দেওয়া হতো কিংবা তাদেরকে বন্দী করে জেলে ফেলে রাখা হতো।

দাওলা শামের এ রাজনীতি টের পেয়ে গেল, যেমন তারা টের পেয়েছিল তার পূর্বে ইরাকে; দাওলাতুল ইরাক আল ইসলামী ঘোষণা করার সময়। শায়েখ আবু বকর আল বাগদাদী তাকাব্বালাহুল্লাহ দাওলাতুল ইসলামের সাথে জাবহাতুন নুসরার সম্পৃক্ততা ঘোষণা করে দিলেন। (তিনি জানিয়ে দিলেন) জাবহাতুন নুসরাহ দাওলাতুল ইসলামের একটি শাখা এবং এর নেতৃবৃন্দ দাওলাতুল ইসলামের সৈনিক। তিনি জাবহাতুন নুসরাহ নামটি বিলুপ্ত ঘোষণা করলেন। যেহেতু এখন আর এর কোনো প্রয়োজন বাকি নেই। বরং দাওলা শামে সম্প্রসারিত হওয়ার ঘোষণা দেওয়া হয়। নতুন নাম হয় 'দাওলাতুল ইসলাম ফিল ইরাক ওয়াশ শাম'।

এই ঘোষণার মাধ্যমে শায়েখ আবু বকর আল বাগদাদী তাকাব্বালাহুল্লাহ শাম নিয়ে বিভিন্ন দলের কল্পনা-জল্পনার অবসান ঘটালেন এবং পশ্চিমাদের পরিকল্পনা ব্যর্থ করে দিলেন। এই ঘোষণায় সাধারণভাবে সকল মুসলমান এবং বিশেষভাবে মুজাহিদগণ আনন্দিত হন। মুজাহিদগণ তাদের কুরবানি ও জিহাদের ফসল চোখের সামনে জীবন্ত ও বাস্তব দেখতে পান। কিন্তু

হঠাৎ করেই জাওলানি দাওলার এই পদক্ষেপ প্রত্যাখ্যান করল এবং শায়খ বাগদাদির আদেশ অমান্য করলো। জাওলানীর এই প্রত্যাখ্যান অনভিপ্রেত ছিল না। বরং দাওলার কয়েকজন নেতৃবৃন্দ আগেই বলেছিলেন যে, জাওলানী পূর্বেই এমনটা করার নিয়ত করে রেখেছিল। জাওলানির এই প্রত্যাখ্যান ছিল খেয়ানত ও দাওলাতুল ইসলামের সাথে বিশ্বাসঘাতকতার শামিল। কারণ সে তার আমিরের বাইআত ভঙ্গ করেছে। যা কবিরা গুনাহ ও আল্লাহ তা'আলার অবাধ্যতার অন্তর্ভুক্ত। বরং আরো আশ্চর্যের বিষয় হলো-জাওলানী অন্য আরেক আমিরের প্রতি বাইআত ঘোষণা করল। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ।

জাওলানী মূর্খতাবশত কিছু অযৌক্তিক কারণ দেখিয়ে এই বিশ্বাসঘাতকতাকে বৈধ করার অপচেষ্টা করেছে। অথচ এ বিষয়ে সাধারণ কোনো তালিবে ইলম প্রতারিত হতে পারে না। বড় আলেম ও নেতৃবৃন্দ তো দূরের কথা। তার অযৌক্তিক কারণগুলোর মধ্যে একটি হলো জনসমর্থন। সে মনে করেছিল তখন দাওলাতুল ইসলামের সাথে জাবহাতুন নুসরার সম্পৃক্ততার ঘোষণা করলে বড় কোনো ক্ষতি হবে। সাধারণ মুসলমানগন জাবহাতুন নুসরার সমর্থন প্রত্যাহার করবে এবং মুজাহিদদেরকে পরিত্যাগ করবে।

আল্লাহর শপথ এক্ষেত্রে সে মিথ্যাবাদী ছিল। বাস্তব অবস্থা হলো শামের অধিকাংশ মুসলমানগণ এই বিষয়টি (দাওলার সাথে জাবহাতুন নুসরার সম্পৃক্ততা) আগে থেকেই জানতেন। তাদের একথা জানা ছিল যে জাবহাতুন নুসরাহ দাওলাতুল ইসলামের শাখা। এই সম্পৃক্ততাটা স্পষ্টই ছিল। বাকি ছিল কেবল আনুষ্ঠানিক ঘোষণা।

• • •

এ কথা সম্পূর্ণ অযৌক্তিক যে, জাবহাতুন নুসরাহ দাওলার শাখা এ বিষয়টি জানলে মানুষ জাবহাতুন নুসরার সমর্থন প্রত্যাহার করবে। জাবহাতুন নুসরাহ কি এতদিন তাদের সাহায্য করেনি? তাদেরকে প্রতিরক্ষা করেনি? তাদের জীবন রক্ষার্থে নিজেদের জীবন বিলিয়ে দেয়নি? তাহলে কিভাবে মুসলমানরা তাদের সমর্থন প্রত্যাহার করবে? আল কায়েদার প্রতি বাইআত ঘোষণার সময় কেন জাওলানি এই যুক্তি উপস্থাপন করেনি? নাকি দাওলাতুল ইসলামের সাথে জাবহাতুন নুসরার সম্পৃক্ততা জনসমর্থন কমিয়ে দেয় আর আল কায়েদার সাথে জাবহাতুন নুসরার সম্পৃক্ততা জনসমর্থন বাড়িয়ে দেয়? নাকি এটা ছিল কেবল তার প্রবৃত্তির অনুসরণ প্রসূত সিদ্ধান্ত। তখন থেকে দাওলা জাবহাতুন নুসরাহ হতে পৃথক হয়ে যায়।

আরো স্পষ্ট করে বললে, তখন জাওলানী তার আমিরের সাথে কৃত বাইআত ভঙ্গ করে এবং আল কায়েদাকে বাইআত প্রদান করে। ফলে জাবহাতুন নুসরাহ শামে আল কায়েদার শাখা গণ্য হয়। এই ইস্যুকে কেন্দ্র করে ইরাক থেকে জাওলানীর সাথে যত নেতৃবৃন্দ শামে হিজরত করেছিলেন তারা সবাই জাবহাতুন নুসরাহ ত্যাগ করেন। যেহেতু জাওলানী তার আমির শায়েখ আবু বকর আল বাগদাদী তাকাব্বালাহুল্লার আনুগত্য পরিহার করেছে।

এখানে এসে মুজাহিদদের কাছে জাওলানীর বিশ্বাসঘাতকতা সুস্পষ্ট হয়ে যায়। যখন সে দাওলার সাথে জাবহাতুন নুসরার সম্পৃক্ততার ঘোষণা প্রত্যাখ্যান করে এবং তার সাথে ইরাক থেকে হিজরত করে শামে আসা অন্যান্য নেতৃবৃন্দ তাকে পরিত্যাগ করেন। তখন এই সকল মুহাজির নেতৃবৃন্দ একদিকে নুসাইরিদের সহজ শিকারে পরিণত হন। অন্যদিকে ইরাকের রাফিজিদের আক্রমণের লক্ষ্যবস্তুতে পরিণত হন।

• • •

আসলে এই বিষয়টা খুবই বেদনাদায়ক ও দুঃখজনক। হায়! যদি জাওলানী এখানেই তার বিশ্বাসঘাতকতার ইতি টানতো! যদি এতটুকুতেই সে ক্ষ্যান্ত থাকতো!! কিন্তু সে দাওলার মুজাহিদদের পিঠে বিষাক্ত খঞ্জর হয়ে বিদ্ধ হয়। সে ফ্রি সিরিয়ান আর্মি ও অন্যান্য মুরতাদ ধর্মনিরপেক্ষ দলের সাথে জোট গঠন করে দাওলার বিরুদ্ধে যুদ্ধ শুরু করে। অথচ তখন পর্যন্ত দাওলা তার বিশ্বাসঘাতকতার প্রতিশোধ হিসেবে তার বিরুদ্ধে কোনো পদক্ষেপ নেয়নি কিংবা যুদ্ধ শুরু করেনি। যদিও শরয়ী দৃষ্টিকোণ থেকে এই অধিকার দাওলার ছিল।

জাওলানী যখন এই পদক্ষেপ প্রত্যাখ্যান করল, তখন আমিরুল মুমিনীন শায়েখ আবু বকর আল বাগদাদী তাকাব্বালাহুল্লাহ যা বলেছিলেন সেটা ইতিহাসের পাতায় অমর হয়ে আছে। তিনি বলেছিলেন, "তোমরা জাওলানীর জন্য দুনিয়া ছেড়ে দাও। আর একত্ববাদীদেরকে আমার পাশে জড়ো করো।" বাস্তবে এমনটাই হয়েছিল। শামে এই মুহাজিরগণ দাওলার মূল ভিত্তি হিসেবে কাজ করেন। আল্লাহ তা'আলা তাদের উপর অনুগ্রহ করেন এবং তাদের হাতে বড় বড় বিজয় দান করেন। তাদেরকে সেখানকার শাসন ক্ষমতা দান করেন।

মুজাহিদদের সাথে বিশ্বাসঘাতকতা করে আল্লাহ তা'আলার অবাধ্যতার দরুণ জাবহাতুন নুসরাহ ব্যর্থ ও ক্ষতিগ্রস্ত হয়। মূর্খ ও মুনাফিকরা সেখানে প্রভাবশালী হয়ে ওঠে। তারা এই দলটাকে লন্ডভন্ড করে দেয়। এরপর ধর্মনিরেপেক্ষ দলের সাথে জাবহাতুন নুসরার আর কোনো পার্থক্য থাকেনি। নিজেদের রুচি-প্রকৃতি অনুযায়ী, সুবিধামতো তারা তাদের আকিদা ও মানহাজ বিকৃত করে ও পাল্টে দেয়। এই হলো জাবহাতুন নুসরাহ; মুরতাদ ও মুশরিকরা তাদের হাত থেকে বেঁচে গেলেও একত্ববাদী

মুজাহিদগণ তাদের আক্রমণ থেকে রেহাই পাননি। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

এই ছিল দাওলাতুল ইসলাম ও জাবহাতুন নুসরার মাঝে ঘটে যাওয়া ঘটনার সংক্ষিপ্ত বিবরণ। (আমরা এটা বর্ণনা করেছি) যেন যারা টিকে থাকার তারা দলিলসহ টিকে থাকে আর যারা ধ্বংস হওয়ার তারা দলিলসহ ধ্বংস হয়। আল্লাহ তা'আলাই একমাত্র সাহায্যকারী।

• • •

তৃতীয় পরিচ্ছেদ:
দাওলা শামে সম্প্রসারিত হওয়ার পর আল কায়েদার ব্যাপারে দাওলার অবস্থান

একটু আগেই আমরা আল কায়েদার সাথে দাওলাতুল ইসলামের সম্পর্ক নিয়ে কথা বলেছি। আমরা স্পষ্ট করেছি যে তাদের মাঝে সম্পর্ক ছিল ভ্রাতৃত্ব ও সহানুভূতির। দাওলাতুল ইসলামের সৈনিকগণ জিহাদের ময়দানে অগ্রগামীতার দরুন আল কায়েদার নেতৃবৃন্দকে সম্মান ও মর্যাদার চোখে দেখতেন।

কিন্তু দাওলা শামে সম্প্রসারিত হওয়ার পর এই সম্পর্কে ফাটল ধরে এবং অবনতি ঘটে। বরং দাওলার নেতৃবৃন্দ ও আল কায়েদার মাঝে ফাটল সৃষ্টি হয়ে সেটা মারামারি ও কাটাকাটি পর্যন্ত গড়ায়। আর এই সবকিছুই শরয়ী মূলনীতি অনুযায়ী বিশ্লেষণ করা হবে। এখানে প্রবৃত্তির অনুসরণের কোনো সুযোগ নেই।

ফাটল সৃষ্টি হওয়ার অন্যতম বড় কারণ ছিল, যাওয়াহিরী কর্তৃক গাদ্দার, বিশ্বাসঘাতক জাওলানীর বাইআত গ্রহণ করা। বিষয়টি জিহাদের ময়দানে ব্যাপক উত্তেজনা, রেষারেষি ও দাঙ্গা-হাঙ্গামা তৈরি করে এবং মুজাহিদদের মধ্যে রক্তপাত ঘটায়।

এ বিষয়টি দাওলাতুল ইসলামের মুজাহিদদের মধ্যে অনেক বেশি তোলপাড় সৃষ্টি করে। কারণ আল কায়েদার নেতৃত্ব কর্তৃক জাওলানীর বাইআত গ্রহণের অর্থ হলো, তার গাদ্দারি ও বিশ্বাসঘাতকতার প্রতি সন্তোষ প্রকাশ করা এবং এ বিষয়ে তাকে সমর্থন করা।

• • •

জানা কথা হলো, আল কায়েদার নেতৃত্ব থেকে এই সমর্থন জাওলানীকে শরয়ী সাইনবোর্ড ঝুলিয়ে ইচ্ছেমতো স্বেচ্ছাচারের সুযোগ প্রদান করে। ফলে দাওলা আল কায়েদার সাথে সব ধরনের সম্পর্ক ছিন্ন করে। আর এটা ছিল দাওলার পক্ষ থেকে একেবারেই সামান্য প্রতিক্রিয়া।

এ সময় আল কায়েদার এমন কিছু বিষয় প্রকাশ পায় যেগুলোর মধ্যে শরয়ী দৃষ্টিকোণ থেকে তাদের বিচ্যুতি ও বিপথগামিতা স্পষ্ট হয়ে ওঠে। যেমন: মিশরে গণতন্ত্রী ইখওয়ানের ব্যাপারে আল কায়েদার অবস্থান। বিশেষ করে ইখওয়ানের নেতা মোহাম্মদ মুরসি, যে গাইরুল্লাহর বিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনা করেছে এবং সিনাই উপত্যকায় মুজাহিদদের বিরুদ্ধে লড়াই করেছে।

এমনিভাবে ধর্মনিরপেক্ষ মুরতাদ ফ্রী সিরিয়ান আর্মি এবং এ ধরনের আরও অন্যান্য ধর্মনিরপেক্ষ ও গণতন্ত্রপন্থী দলের ব্যাপারে আল কায়েদার অবস্থান। যে দলগুলো ইসলামের বিরুদ্ধে জোট গঠন করেছিল।

আল কায়েদার এসব পদক্ষেপগুলো শরয়ী দৃষ্টিকোণ থেকে তাদের বিচ্যুতি ও বিপথগামিতা প্রকাশ করে দেয়। এসব কারণে আল কায়েদা ও দাওলাতুল ইসলামের মাঝে সম্পর্ক ছিন্ন হয় ও ফাটল সৃষ্টি হয়। আজকের আল কায়েদা সেই আল কায়েদা নয় যাকে আমরা পূর্বে চিনতাম এবং যার আকিদা ও মানহাজ আমরা সমর্থন করেছিলাম। এই মতবিরোধ ও বিচ্ছিন্নতা আরো বেশি স্পষ্ট হয়ে ওঠে দাওলার কেন্দ্রীয় মুখপাত্র শায়খ আবু মুহাম্মদ আল আদনানী রাহিমাহুল্লার দুটি অডিও বার্তায়। যেগুলো শিরোনাম ছিল যথাক্রমে, (১) মা কানা হাযা মানহাজুনা, ওয়ালাই ইয়াকুনা। (২) উজরান আমিরাল কায়দা।

এই দুটি বয়ানে তিনি বর্তমান আল কায়েদার অবস্থা স্পষ্ট করেন। এতে তিনি শায়েখ ওসামা বিন লাদেন রাহিমাহুল্লার সময়কালের আলোকে বর্তমান আল কায়েদার মানহাজের বিপথগামিতা ও বিচ্যুতিগুলোও তুলে ধরেন।

পাশাপাশি শায়েখ আবু মুহাম্মদ আল আদনানী রাহিমাহুল্লাহ দাওলার আকিদা-মানহাজও স্পষ্ট করে দেন। দাওলার আকিদা-মানহাজ মুজাহিদদের রক্ত ও তাদের জান-মালের কুরবানির বদৌলতে শরয়ী মূলনীতির উপর টিকে আছে। দাওলা কিছুতেই দীনের ক্ষেত্রে শিথিলতা প্রদর্শন করবে না, যতক্ষণ না মানুষ এটি গ্রহণ করে নেয়। দাওলা শামের আল কায়েদার মত কিছুতেই তার মানহাজ পরিবর্তন করবে না।

এই সবকিছুই ছিল আল কায়েদার সাথে দাওলাতুল ইসলামের সম্পর্ক ছিন্ন হওয়ার কারণ। আর আল কায়েদার এসব বিচ্যুতি ও বিপথগামীতা প্রকাশ পাওয়ার পর কেনই বা সম্পর্ক ছিন্ন করা হবে না? গাদ্দারী, বিশ্বাসঘাতকতা ও খোরাসান থেকে আল কায়েদার কেন্দ্রীয় নেতৃত্বের দিকনির্দেশনা অনুযায়ী এবং তাদের বুদ্ধিজীবীদের ফতোয়ার সমর্থন নিয়ে শামের আল কায়েদার শাখা কর্তৃক দাওলাতুল ইসলামের উপর আক্রমণ করার পর এ সম্পর্ক কিভাবে টিকে থাকে?

মূলত শরয়ী দৃষ্টিকোণ থেকেই আল কায়েদার সাথে সম্পর্ক ছিন্ন করা জরুরী ছিল। যেন হক-বাতিলের কাতার পৃথক হয়ে যায় এবং হক ও বাতিল স্পষ্ট হয়ে যায়। পাশাপাশি সকল মুসলমান, বিশেষভাবে সকল মুজাহিদ যেন জানতে পারেন, তারা কোন পথ অনুসরণ করবেন এবং কোন পতাকাতলে লড়াই করবেন।

• • •

চতুর্থ পরিচ্ছেদ:
বিশ্বের বিভিন্ন প্রান্তে থাকা আল কায়েদার শাখাগুলোর ব্যাপারে দাওলাতুল ইসলামের অবস্থান

দাওলাতুল ইসলামের আকিদা বিষয়ক অন্যতম মূলনীতি হলো: মুমিনদের প্রতি ভালোবাসা রাখা এবং কাফেরদের থেকে সম্পর্ক ছিন্ন করা। এই আকিদার কারণেই দাওলা আল কায়েদাকে সমর্থন করেছিল এবং শায়েখ আবু মুসআব আয-যারকাবী রাহিমাহুল্লার আমলে আল কায়েদার কাছে বাইআত হয়েছিল।

এই আকিদা ছিল পৃথিবীর বিভিন্ন প্রান্তে ছড়িয়ে ছড়িয়ে থাকা জিহাদী দলগুলোর সাথে দাওলার সম্পর্কের মূলভিত্তি। যে বা যারাই আল্লাহর প্রতি ঈমান আনবে, তাগুতকে প্রত্যাখ্যান করবে এবং আল্লাহর শরীয়ত বাস্তবায়নের লক্ষ্যে লড়াই করবে, পাশাপাশি সব ধরনের শরীয়ত বিরোধী কাজ থেকে দূরে থাকবে; সে দাওলাতুল ইসলামের ভাই। দাওলার পক্ষ থেকে তার জন্য থাকবে ভালোবাসা ও সাহায্য। এই ভিত্তিতেই পৃথিবীর সকল জিহাদী দলগুলোর সাথে সম্পর্ক নির্ণয় হবে। আল কায়েদার শাখাগুলোও এর অন্তর্ভুক্ত।

ডক্টর আয়মান আয যাওয়াহিরী'র কারণে দাওলা আল কায়েদার কেন্দ্রীয় নেতৃত্বের সাথে সম্পর্ক ছিন্ন করলেও আল কায়েদার অন্যান্য শাখার ব্যাপারে দাওলার অবস্থান পরিবর্তন হয়নি। বরং অনেক আগে থেকেই, খিলাফা ঘোষণার পূর্ব থেকেই দাওলা আল কায়েদার শাখাগুলোকে সত্যকে সাহায্য করার জন্য এবং অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য আহবান করে আসছে। ভ্রাতৃত্ব ও ভালোবাসার বন্ধনের দাবি থেকে

তাদেরকে সত্যের ওপর অটল থাকতে, সত্যের অনুসরণ করতে এবং ব্যক্তির অনুসরণ ছাড়তে আহ্বান করেছে।

এটাই ছিল আল কায়েদার শাখাগুলোর ব্যাপারে এবং অন্যান্য জিহাদী দলগুলোর ব্যাপারে দাওলার অবস্থান। দাওলা কারো উপর বাড়াবাড়ি করেনি এবং কোনো জিহাদী দলের ওপর আক্রমণ করেনি। বরং দাওলা এই সমস্ত জিহাদি দলগুলোর উপর আক্রমণকে নিজেদের উপর আক্রমণ গণ্য করতো। দাওলা সাধ্যানুযায়ী তাদেরকে সাহায্য করত। তাদের সহযোগিতায় এগিয়ে যেত।

এরপর যখন আল্লাহ তা'আলা দাওলাতুল ইসলামকে তাওফীক দান করলেন, তাদেরকে শাসন ক্ষমতা দান করলেন এবং তাদের হাতে বড় বড় বিজয় দান করলেন, ফলে দাওলাতুল ইসলাম খিলাফা ঘোষণা করল, (এ পর্যায়ে এসে) সকল জিহাদী দল বিলুপ্ত করে দিয়ে খিলাফার পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়া ওয়াজিব হয়ে পড়েছে। কারণ খিলাফাকে আঁকড়ে ধরা এবং খিলাফার পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়া মুসলমানদের উপর ওয়াজিব। এতে তাদের শক্তি বৃদ্ধি পাবে এবং তারা শত্রুদের ওপর আরো বেশি শক্তিশালী হয়ে উঠবে।

বিপরীত দিকে কাফেররাও ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে মাঠে নেমেছে। দাওলাতুল ইসলাম মনে করে খলিফাতুল মুসলিমিনের বর্তমানে এবং নবুওয়াতের আদলে প্রতিষ্ঠিত খিলাফা থাকতে অন্যান্য জিহাদি দলগুলোর বৈধতা নেই। খলিফা ও খিলাফা থাকতে কেন মুসলমানরা বিভিন্ন দলে বিভক্ত হবে? বিচ্ছিন্ন হবে? নিজেদেরকে দল ও সংগঠনের বৃত্তে আবদ্ধ করে রাখবে?

• • •

এজন্য দাওলাতুল ইসলাম খিলাফা ঘোষণার পর অন্যান্য জিহাদি দলগুলোকে শরীয়তের এই বিধান স্মরণ করিয়ে দিয়েছে। মুজাহিদ আহলুল হল্লি ওয়াল আকদের মাধ্যমে নির্বাচিত খলিফাতুল মুসলিমীনকে বাইআত প্রদান করার জন্য সবাইকে আহবান করেছে।

কিছু কিছু দল এই আহ্বানে সাড়া দিয়ে খলিফাকে বাইআত প্রদান করেছে এবং খিলাফর পতাকাতলে ঐক্যবদ্ধ হয়েছে। আর অন্যান্য দল খিলাফার প্রশস্ত ভূমি সত্ত্বেও দল ও সংগঠনের বৃত্তে নিজেদেরকে আটকে রেখেছে।

এরপরও দাওলাতুল ইসলাম ক্রমাগত তাদেরকে আহবান করেছে, দলীয় পক্ষপাত ও সংগঠনের সংকীর্ণতা থেকে বেরিয়ে এসে খিলাফার পতাকাতলে শামিল হওয়ার জন্য এবং মুজাহিদদের মধ্যে ঐক্য ধরে রাখার জন্য। যেন মুজাহিদগণ পূর্বের তুলনায় অধিক শক্তিশালী হন এবং কাফেরদের, মুরতাদদেরকে আগের চেয়েও বেশি শাস্তি আস্বাদন করাতে পারেন।

দাওলাতুল ইসলাম এ সময় এমন কোনো দলের বিরুদ্ধে লড়াই করেনি যারা তাদেরকে বাইআত প্রদান করেনি। দাওলা এই ঘোষণাও প্রদান করে যে, যতক্ষণ পর্যন্ত কেউ তাদের বিরুদ্ধে লড়াইয়ের সূচনা না করবে কিংবা খিলাফার অগ্রযাত্রার পথে বাধা হয়ে না দাঁড়াবে কিংবা আল্লাহর জমিনে আল্লাহর শরীয়ত বাস্তবায়নে প্রতিবন্ধক না হবে কিংবা মুজাহিদদের মধ্যে ঐক্য বিনষ্ট করার কারণ না হবে, ততক্ষণ পর্যন্ত তারা কারো বিরুদ্ধে লড়াই করবে না।

• • •

কিন্তু পাশাপাশি দাওলা একথা স্পষ্ট করে দিয়েছে যে, (খিলাফাহকে বাইআত প্রদান না করার কারণে) তারা সবাই গুনাহগার হবে। এমনিভাবে প্রত্যেক ঐ ব্যক্তি গুনাহগার হবে যে (খিলাফার নিকটবর্তী ভূমিতে থাকা সত্বেও) এই শরয়ী খিলাফাকে বাইআত প্রদান না করবে। তবে দাওলা তাদের এবং পৃথিবীর সকল মুসলমানদের হেদায়েত আশা করে।

পঞ্চম পরিচ্ছেদ:

খিলাফা ঘোষণার পূর্বাভাস এবং (খিলাফা ঘোষণার পূর্বে) আল কায়েদার নেতৃবৃন্দের সাথে দাওলার পরামর্শের বাস্তবতা

দাওলাতুল ইসলাম গঠনের পর থেকেই এর নেতৃবৃন্দ ও সৈনিকগণ একটি লক্ষ্য ও টার্গেটকে সামনে রেখে লড়াই চালিয়ে যাচ্ছেন, সেটি হলো মুসলমানদের গৌরব ও মর্যাদার প্রতীক খিলাফা পুনঃপ্রতিষ্ঠা করা। মুসলমানদেরকে ঐক্যবদ্ধ করা এবং তাদেরকে একই পতাকাতলে জমা করা।

এই লক্ষ্যকে সামনে রেখেই দাওলাতুল ইসলামের মুজাহিদগণ আরব ও আনারবের তাগুতদের বিরুদ্ধে লড়াই করে আসছেন এবং বহু দুঃখ-কষ্ট সহ্য করে আসছেন। সকল কাফেরদের ঐক্যবদ্ধ আক্রমণ এবং কঠিন থেকে কঠিন বিপর্যয় সত্বেও তারা তাদের এই লক্ষ্য থেকে, টার্গেট থেকে সরে আসেননি। আল্লাহ তা'আলার অনুগ্রহে তারা সর্বদাই অটল ও অবিচল ছিলেন। তারা দুর্বল হননি। হীনবল হননি এবং অলসতা প্রদর্শন করেননি। অস্ত্রও ছেড়ে দেননি।

এক পর্যায়ে আল্লাহ তা'আলা তাদের উপর অনুগ্রহ করেন এবং তাদেরকে বিজয় ও কর্তৃত্ব প্রদান করেন। এক সময় তারা বাস করতেন মরুভূমিতে, সেখানে সর্বদাই শত্রুর আক্রমণের আতঙ্কে তারা উৎকণ্ঠিত থাকতেন। এরপর আল্লাহ তা'আলা তাদেরকে সম্মানিত করেন এবং বিজয়ী করেন। তাদেরকে তিনি ভূমির শাসন ক্ষমতা দান করেন। শামের ভূমিতে সম্প্রসারিত হওয়ার প্রাথমিক পর্যায়েই আল্লাহ তা'আলা দাওলাকে এমন

সব বিজয় দান করেন, যেগুলো সকল হিসেব-নিকাশ পাল্টে দেয় এবং দাওলাতুল ইসলামের ইতিহাসের গতিপথ বদলে দেয়।

জাওলানীর বিশ্বাসঘাতকতা ও খেয়ানতের পর যখন ইরাক থেকে আগত মুহাজির মুজাহিদগণ তার থেকে বিচ্ছিন্ন হয়ে যান, তখন এই মুজাহিদগণ শামে দাওলার ভিত্তি স্থাপন করেন। আল্লাহর অনুগ্রহে তারা ছিলেন উত্তম ভবনের উত্তম ভিত্তি। আল্লাহ তা'আলা এই ছোট্ট দলটির মধ্যে বারাকাহ দান করেন এবং তাদেরকে শক্তিশালী করেন। একপর্যায়ে তারা অপ্রতিরোধ্য হয়ে ওঠেন এবং নুসারীদেরকে কঠিন থেকে কঠিনতর শাস্তি আস্বাদন করান। আল্লাহ তা'আলা তাদের হাতে বড় বড় বিজয় দান করেন।

তারা সাইক্স-পিকো'র সীমানা ভেঙে দেন এবং ইরাকের মুজাহিদদের জন্য শামের সীমান্ত খুলে দেন। ফলে ইরাক ও শামের ভূমিতে দাওলাতুল ইসলামের একচ্ছত্র আধিপত্য প্রতিষ্ঠিত হয়। এই বিজয়গুলোর পরপরই মুজাহিদগণ আরো এমন কিছু বিজয় লাভ করেন যেগুলো ইতিহাসের পাতায় স্বর্ণাক্ষরে লিখে রাখার উপযুক্ত। আল্লাহর অনুগ্রহে দাওলাতুল ইসলাম ইরাক ও শামের সিংহভাগ ভূমির নিয়ন্ত্রণ নিয়ে নেন। ইরাকের অর্ধেক ভূমি এবং শামের প্রায় ৭০% ভূমি দাওলার দখলে চলে আসে।

এই বিজয়গুলোর সময়ে শামে দাওলাতুল ইসলাম ও শামের সাহওয়াতদের মধ্যে তীব্র লড়াই চলছিল। সাহওয়াতদের নেতৃত্বে ছিল ফ্রি-সিরিয়ান আর্মি ও অন্যান্য ধর্মনিরপেক্ষ দল। বিশ্বাসঘাতক জাওলানির নেতৃত্বাধীন জাবহাতুন নুসরাও তাদের সাথে ছিল। একই সময়ে দাওলা ইরাক ও শাম এবং সম্মিলিত কুফফার জোটের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছিল।

• • •

আরবের তাগুতরা মনে করেছিল, তারা সাহওয়াতদেরকে দাওলার বিরুদ্ধে লেলিয়ে দিয়ে দাওলাকে দুর্বল করতে পারবে। তারা এমনটাই ধারণা করেছিল। তাদের নফস তাদের সামনে এমনটাই সুসজ্জিত করে তুলে ধরেছিল। তাই তারা তাদের মুরতাদ দালালদেরকে দাওলাতুল ইসলামের বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রলুব্ধ করলো, এবং (শিখিয়ে দিল) তারা যেন বিশ্বাসঘাতকতা করে পিছন দিক থেকে দাওলার উপর আঘাত হানে।

অথচ তখনও পর্যন্ত দাওলা শামে কোনো (বিদ্রোহী) দলের বিরুদ্ধে যুদ্ধ শুরু করেনি। কিন্তু বিশ্বাসঘাতকতা ও খেয়ানত যে কাফেরদের বৈশিষ্ট্য! বাস্তবেই শামের সাহওয়াতরা দাওলাতুল ইসলামের সাথে বিশ্বাসঘাতকতা করলো এবং পেছন দিক থেকে তাদের উপর আক্রমণ করল, যখন দাওলা ছিল ইরাক ও শামের তাগুতদের বিরুদ্ধে মরণপণ যুদ্ধে লিপ্ত।

সাহওয়াত ও তাগুতরা মনে করেছিল এভাবে তারা দাওলাকে দুর্বল করতে পারবে এবং শেষ করে দিতে পারবে। তারা শরীয়তকে বিকৃত করে, পথভ্রষ্ট ও দরবারী আলেমদের ভ্রষ্ট ফতোয়ার সমর্থন নিয়ে তাদের খিয়ানত ও বিশ্বাসঘাতকতা চালিয়ে যায়। এসব আলেমদের মধ্যে কয়েকজন এমনও ছিলেন যাদেরকে মনে করা হতো যে, তারা জিহাদকে ভালোবাসেন এবং আল কায়েদাকে সমর্থন করেন। কিন্তু আল্লাহ তা'আলা এটা চাচ্ছিলেন না যে তার নেককার বান্দারা পরাজিত হবে। ফলে তিনি তাদেরকে সাহায্যের মাধ্যমে শক্তিশালী করলেন এবং তাদের শক্তি আরো বাড়িয়ে দিলেন। দাওলা এমন কিছু যুদ্ধের মাধ্যমে এসব বিশ্বাসঘাতকতার উত্তর দিল, যাতে শত্রুপক্ষ ছত্রভঙ্গ হয়ে গেল এবং তাদের শক্তি ছিন্ন বিচ্ছিন্ন হয়ে গেল। যাদেরকে আমরা আল্লাহর পথের মুজাহিদ মনে করতাম এবং যাদেরকে

সত্যবাদী আলেম মনে করতাম তাদের অনেকের মুখোশ উন্মোচন হয়ে গেল।

দাওলার বিরুদ্ধে বিশ্বাসঘাতকতা সত্ত্বেও তারা দাওলাকে দোষারোপ করতে থাকলো যে, দাওলা নাকি তাদেরকে মেরে ফেলেছে। তাদেরকে শেষ করে দিয়েছে। এবার তারা যুদ্ধ বন্ধের দাবি জানালো এবং তথাকথিত শরয়ী আদালত গঠন করলো। দাওলা এসব অনর্থক প্রয়াসকে পাত্তা দেয়নি। কেনইবা পাত্তা দিবে? যারা গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য যুদ্ধ করে তাদের আবার কিসের শরয়ী আদালত? বিশ্বাসঘাতকদের জন্য এটা কিভাবে শোভা পায় যে তারা শরয়ী আদালত গঠন করবে? গতকালই তো তারা শরীয়তকে বৃদ্ধাঙ্গুলী প্রদর্শন করেছে। শরীয়তের বিধান অমান্য করেছে। নিজেদের উপর শরীয়তের বিধান প্রয়োগ করেনি।

এভাবে অনেক অনর্থক আলাপ-আলোচনার পর দাওলা পুরো উম্মাহর সামনে একটি সমাধান পেশ করল। যার মাধ্যমে উভয় পক্ষের বিবাদ মিটে যাবে এবং প্রত্যেককেই তার হক দেওয়া হবে। পাশাপাশি মুমিন ও সত্যবাদী মুজাহিদদের মধ্যে ঐক্য তৈরি হবে। এর সমাধান ছিল মুসলমানদের একজন ইমাম ও খলিফা নির্ধারণ করা। যিনি আল্লাহর প্রতি ঈমানদার হবেন। সকল তাগুতকে প্রত্যাখ্যান করবেন। আল্লাহর শরীয়ত প্রতিষ্ঠা করবেন এবং আল্লাহর রাস্তায় জিহাদ করবেন। এই ইমামের প্রধান কাজ হবে আল্লাহর কিতাব অনুযায়ী মুজাহিদদের মধ্যকার বিবাদ মিটানো।

দাওলার পক্ষ থেকে দাওলার অফিসিয়াল মুখপাত্র শায়েখ আবু মুহাম্মদ আল আদনানী রাহিমাহুল্লাহ 'উজরান আমিরাল কায়দা' শিরোনামে এক অডিও বক্তব্যে আল কায়েদার প্রধান আইমান আয যাওয়াহিরী'র প্রতি এই

প্রস্তাব পেশ করেন। দাওলার পক্ষ থেকে পেশ করা এই সমাধানটি ছিল অনেক উত্তম সমাধান। পূর্ব থেকেই দাওলা এজন্য চেষ্টা করে আসছিল।

কিন্তু দেখা গেল, আল কায়েদা এর প্রতি কোনো ভ্রুক্ষেপ করেনি এবং এই প্রস্তাবকে কোনো গুরুত্বই দেয়নি। তারা এই প্রস্তাবের উত্তর দেয়ারও প্রয়োজন মনে করেনি। তখন দাওলা খলিফা নির্ধারণ করে এবং অবহেলিত এই ফরজ আদায় করে। আর সর্বপ্রকার সক্ষমতা অর্জনের পরেই খিলাফা প্রতিষ্ঠার ঘোষণা দেওয়া হয়। তখন দাওলার অধীনে এত বিস্তীর্ণ ভূমি ছিল যে, তাদের উপর এই ফরজ আদায় করা আবশ্যক ছিল। দাওলা এমন একজনকেই খলিফা হিসাবে নির্ধারণ করে, যার মধ্যে খলিফা হওয়ার সকল শর্ত বিদ্যমান ছিল এবং খিলাফার শর্ত পূরণ হওয়ার পরেই খিলাফার ঘোষণা দেওয়া হয়। দীর্ঘদিন যাবৎ অবহেলিত থাকা এই ফরজ আদায়ের মাধ্যমে দাওলা উম্মাহকে অনেক বড় দুশ্চিন্তা থেকে মুক্তি দেয়।

এভাবে খিলাফা প্রতিষ্ঠিত হয় এবং খিলাফার পতাকা উচ্চকিত হয়। পৃথিবীর বিভিন্ন ভূখণ্ডে লড়াইরত অনেক মুখলিস মুজাহিদ খিলাফাকে বাইআত প্রদান করেন। খিলাফার পরিধি বিস্তৃত হয় এবং বিভিন্ন ভূখণ্ডে এর উলায়াত বা শাখা খোলা হয়। যেমন: মিশরে সিনাই প্রদেশ, আফ্রিকায় নাইজেরিয়া প্রদেশ, ইয়ামেনে সানআ প্রদেশ, জাজিরাতুল আরবে জাযীরা প্রদেশ, খোরাসানে খোরাসান প্রদেশ, লিবিয়ায় লিবিয়া প্রদেশ, চেচনিয়ায় চেচনিয়া প্রদেশ ইত্যাদি অন্যান্য অনেক জায়গা থেকে অনেক দল আমিরুল মুমিনীনকে বাইআত প্রদান করে।

আমিরুল মুমিনীন তাদের বাইআত গ্রহণ করেন। সেগুলোকে শাখা হিসেবে স্বীকৃতি দেওয়া হয় এবং স্থানীয় আমির নির্ধারণ করা হয়। এভাবে খিলাফার

ছায়াতলে মুসলিম উম্মাহ নতুন করে পথ চলতে শুরু করে। আল্লাহর অনুগ্রহে এই খিলাফা এখন পর্যন্ত প্রতিষ্ঠিত আছে। মুসলমানদের প্রয়োজন পূরণ করছে এবং সুদৃঢ় প্রাচীর হয়ে তাদের উপর থেকে কাফেরদের আক্রমণ প্রতিহত করছে। আমরা দোয়া করি, আল্লাহ তা'আলা যেন আমাদের খলিফা ও তার সৈনিকদের মধ্যে বারাকাহ দান করেন এবং তাদের হাতে বিজয় দান করেন। **আমীন।**

• • •

তৃতীয় অধ্যায়

প্রথম পরিচ্ছেদ:
দাওলাতুল ইসলাম শরিয়তের আলোকে নবুওয়াতের আদলে প্রতিষ্ঠিত খিলাফা

১৪৩৫ হিজরির ১লা রমাদান দাওলাতুল ইসলাম খিলাফা ঘোষণার পর পথভ্রষ্ট ও দরবারী আলেমরা এর বিরুদ্ধে অনেক অপবাদ আরোপ করছে, ঠাট্টা-বিদ্রুপ করছে এবং দাওলার খিলাফার সমালোচনা করছে এবং খিলাফার বৈধতা নিয়ে সন্দেহ ছড়িয়ে দিচ্ছে। তবে এদের পক্ষ থেকে এই বিষয়গুলো নতুন ছিল না। কেননা মুমিনদের বিরুদ্ধে যুদ্ধ করাটাই তাদের পেশা। এর বিনিময়ে তারা দুনিয়ার সামান্য ভোগ সামগ্রী গ্রহণ করেছে।

এই আলোচনায় আমরা এসব উদ্ভট ও অনর্থক সমালোচনা খন্ডন করব এবং স্পষ্ট করব যে দাওলাতুল ইসলামের প্রতিষ্ঠিত খিলাফা শরয়ী দৃষ্টিকোণ থেকে নবুয়তের আদলে প্রতিষ্ঠিত খিলাফা। আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করে আমি বলছি, যে কেউ আজকের দাওলাতুল ইসলামের অবস্থা পর্যবেক্ষণ করবে, সে বুঝতে পারবে যে, প্রথম নববি দাওলার মাঝে এবং এই দাওলার মাঝে অনেক সামঞ্জস্য ও মিল বিদ্যমান।

ইরাকে দাওলা প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই সকল কাফেরদের বিরুদ্ধে লড়াই করছে। ক্রুসেডার, রাফিজি, ধর্মনিরপেক্ষ ও অন্যান্য মুরতাদরা একযোগে দাওলার উপর হামলা চালিয়েছে। তারা সবাই মিলে দাওলাকে দমন করতে চাচ্ছে। এটাই প্রমাণ দাওলার আকিদা ও মানহাজ স্বচ্ছ ও বিশুদ্ধ হওয়ার। দাওলার বিশুদ্ধ আকিদা ও মানহাজ তাদের জীবন ও মুসলমানদের কাছ থেকে তাদের দখলকৃত পদগুলোকে বিপন্ন করে

তুলেছে। কারণ তারা দেখতে পাচ্ছে তাদের সামনে দীন তার স্বমহিমায় নবুয়তের আদলে ফিরে আসছে।

তারা এমন এক সম্প্রদায়ের মুখোমুখি হয়েছে, যারা গণতন্ত্র ও আন্তর্জাতিক আইনকে প্রত্যাখ্যান করে এবং এ ধরনের সকল কুফরি নিদর্শন ও প্রতীকের বিরুদ্ধে বিদ্রোহ করে।

এমন এক সম্প্রদায়; যারা তাওহীদ, ঈমান ও আল্লাহর শরীয়ত বাস্তবায়ন করা ব্যতীত আর কিছু বুঝে না। তাদের অবস্থান পুরোপুরি কুরাইশদের প্রতি রসূলুল্লাহ ﷺ এর দাওয়াহর অবস্থানের মত। যেমনিভাবে রাসূলুল্লাহ ﷺ এক আল্লাহর প্রতি ঈমান আনয়নের ঘোষণা দিয়েছিলেন এবং তাকে ছাড়া কুরাইশরা যাদের ইবাদত করতো তাদেরকে প্রত্যাখ্যান করেছিলেন। এই আকিদার ক্ষেত্রে তিনি কোনোরূপ শীতলতা প্রদর্শন করেননি এবং দর কষাকষি করেননি। ফলে কুরাইশরা তাকে ও তার সাহাবীদেরকে কঠিন শাস্তি দিয়ে মক্কা থেকে বের করে দেয়।

ঠিক এমনটাই ঘটেছে ইরাকে দাওলাতুল ইসলামের সৈন্যদের ক্ষেত্রে। তারা কুফফার জোটের পক্ষ থেকে কঠিনতম আক্রমণের মুখোমুখি হয়েছেন এবং আনবারের মরুভূমিতে দুঃসহ দুঃখ-কষ্ট সহ্য করেছেন। কিন্তু যখন আল্লাহ তা'আলা তাদের কল্যাণ লক্ষ্য করলেন, তখন তাদের অবস্থা পরিবর্তন করে দিলেন। সেই কঠিন মরুভূমিই ছিল দাওলা প্রতিষ্ঠার সূতিকাগার এবং ইসলামী নেতৃত্বের আঁতুরঘর। যেমন ছিল রাসূলুল্লাহ ﷺ এবং সাহাবায়ে কেরামের হিজরতের আবাসস্থল মদিনা। সেখান (মরুভূমি) থেকেই তারা ইসলাম ও মুসলমানদের জন্য একটি রাষ্ট্র প্রতিষ্ঠা করেন। যেটি আল্লাহর শরীয়ত ও নবীজির সুন্নাহ অনুযায়ী শাসিত হবে।

• • •

এভাবেই আনবারের মরুভূমি মুজাহিদদের জন্য শক্তি ও ঘাঁটিতে পরিণত হয়। এখান থেকেই দাওলার ভিত্তি স্থাপন করা হয়। আহলুল হল্লি ওয়াল আকদের পরামর্শ অনুযায়ী আমিরুল মুমিনীনকে বাইআত প্রদান করা হয়। আল্লাহর জমিনে আল্লাহর বিধান অনুযায়ী শাসন প্রতিষ্ঠিত হয়। এখান থেকেই দাওলার যুদ্ধ ও বিজয়াভিযান শুরু হয়। যেগুলোর মাধ্যমে দাওলা আল্লাহর জমিনে সম্প্রসারিত হয়। এক পর্যায়ে ইরাক ও শামের সিংহভাগ অঞ্চল দাওলার নিয়ন্ত্রণে চলে আসে।

দাওলা বুঝতে পারে দীর্ঘদিন যাবৎ মুসলমানদের অবহেলিত ফরজ বিধানটি তাদের কাঁধে এসে চেপেছে। সেটি হলো- খিলাফা প্রতিষ্ঠা করা এবং মুসলমানদের জন্য একজন খলিফা নিয়োগ করা। যিনি তাদেরকে ঐক্যবদ্ধ করবেন এবং আল্লাহর কিতাব ও রাসূলের সুন্নাহ অনুযায়ী তাদেরকে পরিচালনা করবেন। তাগুত, মুরতাদ, মুশরিক রাফিজি ও ক্রুসেডার প্রভৃতি আল্লাহর শত্রুদের বিরুদ্ধে জিহাদ করবেন। মুজাহিদদেরকে তিনি সংগঠনের সংকীর্ণতা থেকে বের করে ইসলামী খিলাফার প্রশস্ততায় নিয়ে আসবেন। এক পতাকা ও ইমামের অধীনে তাদেরকে ঐক্যবদ্ধ করবেন।

খিলাফার শর্তসমূহ ও কার্যকারিতা পূরণ হওয়ার পরেই দাওলা খিলাফা ঘোষণা করে। খলিফা হিসেবে এমন একজনকে বাইআত দেওয়া হয়, যিনি আলেম এবং খলিফা হওয়ার অন্যান্য সকল শর্তাবলী তার মধ্যে পূর্ণমাত্রায় রয়েছে। (তখন) দাওলা ছিল বিস্তীর্ণ ভূমি ও বিরাট শক্তি ও দাপটের অধিকারী। মুত্তাকী ও আহলুল ইলম আহলুল হল্লি ওয়াল আকদ বিদ্যমান ছিল। আল্লাহর কিতাব ও রাসুলের সুন্নাহ অনুযায়ী দেশ পরিচালনা করা হচ্ছিল।

• • •

অতএব এই খিলাফা নবুওয়াতের আদলে প্রতিষ্ঠিত খিলাফা। এতে কোনো সন্দেহ নেই। তবে যারা প্রবৃত্তির অনুসারী এবং বক্র পথ অবলম্বনকারী তারা এ কথা স্বীকার করতে নারাজ। কিন্তু আল্লাহর অনুগ্রহে এতে তাদের কোনো ক্ষতি হবে না। কারণ রাসূলুল্লাহ ﷺ বলে গিয়েছেন, যারা খিলাফার সৈনিকদের বিরোধিতা করবে কিংবা তাদেরকে একাকী শত্রুর সামনে ছেড়ে দিবে, তারা তাদের কোনোই ক্ষতি করতে পারবে না।

আল্লাহর অনুগ্রহে দাওলাতুল ইসলামের সৈনিকগণ এর পতাকাকে উঁচু করে চলেছেন। বিরোধী ও মুনাফিকদের প্রতি তারা ভ্রুক্ষেপ করছেন না। আল্লাহর ইচ্ছায় তারা এভাবে সামনে এগিয়ে যেতে থাকবেন এবং এক পর্যায়ে খলিফা মাহাদির কাছে এই পতাকা অর্পণ করবেন। তারা পুরো পৃথিবী আল্লাহর কিতাব অনুযায়ী পরিচালনা করবেন। এটাই তাদের পথ। তারা আল্লাহর সাথে শপথ করেছেন, কিছুতেই এই পথ পরিবর্তন করবেন না এবং এই পথ থেকে সরবেন না। যতই কষ্ট সহ্য করতে হোক। তারা একমাত্র আল্লাহর উপর ভরসা করেছেন। আল্লাহর সাহায্য ও ওয়াদার ব্যাপারে তারা দৃঢ় আশাবাদী। নিশ্চয় আল্লাহ তা'আলা ওয়াদা খেলাফ করেন না।

• • •

দ্বিতীয় পরিচ্ছেদ:
খলিফা আবু বকর আল বাগদাদী তাকাব্বালাহুল্লার মধ্যে শরীয়ত নির্ধারিত খলিফার সকল শর্ত পূরণ হওয়ার বিবরণ

খিলাফার পদ অনেক বড় ও গুরুত্বপূর্ণ আমানত। রাসূলুল্লাহ ﷺ এ সম্পর্কে বলেন,

وَإِنَّهَا أَمَانَةٌ وَإِنَّهَا يَوْمَ الْقِيَامَةِ خِزْىٌ وَنَدَامَةٌ إِلاَّ مَنْ
أَخَذَهَا بِحَقِّهَا وَأَدَّى الَّذِى عَلَيْهِ فِيهَا

অর্থ: এটি হচ্ছে একটি আমানাত। আর কিয়ামাতের দিন এ হবে লাঞ্ছনা ও অনুশোচনা। তবে যে এর হক সম্পূর্ণ আদায় করবে তার কথা ভিন্ন।[16]

যেহেতু এই পদটি অনেক গুরুত্বপূর্ণ, তাই ইসলাম এই পদ এবং মুসলমানদের নেতৃত্ব গ্রহণকারী ব্যক্তির জন্য কিছু শর্ত আরোপ করেছে। কারণ ইসলাম যে কাউকে মুসলমানদের শাসক হিসেবে স্বীকৃতি দেয় না।

ইসলামে শাসক হলো ঐ ব্যক্তি যাকে দীনের হেফাজত, দীন প্রতিষ্ঠা এবং ন্যায়পরায়ণতা তথা আল্লাহর শরীয়ত অনুযায়ী মানুষের সকল বিষয়াদি পরিচালনার জন্য নিয়োগ দেওয়া হয়। এজন্য রাসূলুল্লাহ ﷺ সাহাবীদের মধ্য থেকে নেতৃত্বের যোগ্য ব্যক্তিদেরকেই নেতৃত্বের জন্য বাছাই করতেন। যেন সে সুচারুরূপে তার দায়িত্ব পালন করতে পারে এবং আল্লাহ তা'আলার

16 সহিহ মুসলিম, হাদিস নং ৪৬১৩

নির্ধারিত দায়িত্ব আদায় করতে পারে। তিনি সাহাবীদের মধ্য থেকে যে কাউকে নেতৃত্ব দিতেন না।

হযরত আবু যর গিফারী রাদিয়াল্লাহু আনহুর সাথে ঘটে যাওয়া ঘটনা এ বিষয়ের উত্তম দৃষ্টান্ত। আবু যর রাদিয়াল্লাহু আনহু ছিলেন পরহেজগার ও মুত্তাকী সাহাবী। আল্লাহ তা'আলার প্রতি তার ঈমান ছিল যথাযথ এবং তিনি রাসুলুল্লাহ ﷺ এর সাথে বিভিন্ন যুদ্ধে অংশগ্রহণ করেছেন। কিন্তু নেতৃত্বের জন্য এতটুকুই যথেষ্ট ছিল না। তিনি নেতৃত্ব কামনা করলে রাসূল তাকে সেটি প্রদান করেননি।

এর মাধ্যমে আমরা বুঝতে পারি যে, নেতৃত্বের জন্য কিছু শর্ত প্রযোজ্য। আলেমগণ এগুলো উল্লেখ করেছেন। যে ব্যক্তি মুসলমানদের নেতৃত্ব ও খিলাফার দায়িত্ব গ্রহণ করবে তার মধ্যে এই শর্তগুলো পূরণ হতে হবে। অচিরেই আমরা এই আলোচনায় শর্তগুলো উল্লেখ করছি।

আমরা একথা স্পষ্ট করে দিব যে, দাওলাতুল ইসলাম এই শর্তগুলোর প্রতি লক্ষ্য রেখেছে। এই শর্তগুলোর ভিত্তিতেই তারা আবু বকর আল বাগদাদী তাকাব্বালাহুল্লাহকে আমিরুল মুমিনীন নির্ধারণ করেছেন। উনার মধ্যে এই সকল শর্তগুলো পরিপূর্ণরূপে পূরণ হয়েছে। এর মাধ্যমে তিনি শরয়ী দৃষ্টিকোণ থেকে বৈধ খলিফা নিযুক্ত হয়েছেন। ফলে তার আনুগত্য করা এবং তার পতাকাতলে শামিল হওয়া ওয়াজিব। তিনি আল্লাহর শরীয়ত অনুযায়ী যে দেশ পরিচালনা করেন সেখানে হিজরত করা এবং তার সাথে মিলে জিহাদ করা ওয়াজিব।

• • •

শর্তগুলোর বিবরণ:

খলিফার মধ্যে যে সকল শর্ত থাকা আবশ্যক সেগুলোর মধ্যে কিছু আছে এমন, যেগুলোর ব্যাপারে পূর্ববর্তী ও পরবর্তী সকল ওলামায়ে কেরাম একমত। আবার কিছু শর্ত আছে এমন যেগুলোর ব্যাপারে তারা মতভেদ করেছেন। অর্থাৎ কেউ এ সকল শর্ত পূরণ হওয়া আবশ্যক বলেছেন; কেউ আবশ্যক বলেননি।

মুসলমানদেরকে নেতৃত্ব প্রদানকারী খলিফার ব্যাপারে পূর্ববর্তী ও পরবর্তী সকল উলামা যে সকল শর্ত থাকা আবশ্যক হওয়ার ব্যাপারে একমত পোষণ করেছেন সেগুলো হলো:

(১) মুসলমান হওয়া

এই শর্ত একেবারেই সুস্পষ্ট। মুসলমানদের প্রত্যেক দায়িত্বশীলের ক্ষেত্রে এই শর্ত পূরণ হওয়া আবশ্যক। চাই তার দায়িত্ব বড় হোক বা ছোট হোক। কোনো কাফের মুসলমানদের দায়িত্বশীল বা শাসক হতে পারে না। পূর্ববর্তী ও পরবর্তী সকল ওলামায়ে কেরামের ঐকমত্যে কোনো কাফেরকে মুসলমানদের শাসক বানানো জায়েজ নেই। এ ব্যাপারে কুরআন ও হাদিস থেকে দলিল নিচে দেওয়া হলো:

কুরআন থেকে দলিল

আল্লাহ তা’আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَتَّخِذُواْ الْيَهُودَ وَالنَّصَارَى
أَوْلِيَاء بَعْضُهُمْ أَوْلِيَاء بَعْضٍ

অর্থ: "হে মুমিনগণ! ইয়াহুদী ও খ্রিস্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা নিজেরাই একে অন্যের বন্ধু!"[17]

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاء تُلْقُونَ إِلَيْهِم بِالْمَوَدَّةِ

অর্থ: "হে মুমিনগণ! তোমরা যদি আমার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে আমার পথে জিহাদের জন্য (ঘর থেকে) বের হয়ে থাক, তবে আমার শত্রু ও তোমাদের নিজেদের শত্রুকে এমন বন্ধু বানিও না যে, তাদের কাছে ভালোবাসার বার্তা পৌঁছাতে শুরু করবে।"[18]

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ أَطِيعُواْ اللّهَ وَأَطِيعُواْ الرَّسُولَ وَأُوْلِي الأَمْرِ مِنكُمْ

অর্থ: "হে মুমিনগণ! তোমরা আনুগত্য কর আল্লাহর, তাঁর রাসূলের এবং তোমাদের মধ্যে যারা এখতিয়ারধারী তাদেরও।"[19]

---

17 সূরা আল মায়িদাহ: ৫১

18 সূরা আল মুমতাহিনাহ্: ১

19 সূরা আন নিসা: ৫৯

অর্থাৎ যারা তোমাদের দীনের ব্যাপারে দায়িত্বশীল।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَتَّخِذُواْ بِطَانَةً مِّن دُونِكُمْ لاَ يَأْلُونَكُمْ خَبَالاً وَدُّواْ مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاء مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الآيَاتِ إِن كُنتُمْ تَعْقِلُونَ

অর্থ: "হে মুমিনগণ! তোমরা নিজেদের বাইরের কোনও ব্যক্তিকে অন্তরঙ্গ বন্ধু বানিয়ো না। তারা তোমাদের অনিষ্ট কামনায় কোনো রকম ক্রটি করে না। যাতে তোমরা কষ্ট পাও তাই তারা কামনা করে। তাদের মুখ থেকেই আক্রোশ বের হয়ে গেছে। আর তাদের অন্তরে যা-কিছু (বিদ্বেষ) গোপন আছে, তা আরও গুরুতর। আমি আসল বৃত্তান্ত তোমাদের কাছে স্পষ্টভাবে বর্ণনা করে দিলাম যদি তোমরা বুদ্ধিকে কাজে লাগাও!"[20]

ইমাম কুরতুবী বলেন: এ আয়াতে আল্লাহ তা'আলা মুমিনদেরকে নিষেধ করেছেন কাফের, ইয়াহুদী ও প্রবৃত্তি পূজারীদেরকে বন্ধু ও অন্তরঙ্গ হিসেবে গ্রহণ করতে। মুসলমানরা তাদের সাথে পরামর্শ করবে না এবং তাদের উপর কোনো দায়িত্ব ছেড়ে দিবে না।[21]

---

20 সূরা আলে ইমরান: ১১৮

21 তাফসিরে কুরতুবি

• • •

আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَتَّخِذُواْ الْكَافِرِينَ أَوْلِيَاء مِن دُونِ الْمُؤْمِنِينَ

অর্থ: "হে মুমিনগণ! মুসলিমদের ছেড়ে কাফিরদেরকে বন্ধু বানিয়ো না।"[22]

ইবনু কাসির রাহিমাহুল্লাহ বলেন: আল্লাহ তা'আলা মুমিনদেরকে নিষেধ করছেন মুমিনদেরকে ছেড়ে কাফেরদেরকে অভিভাবক হিসেবে গ্রহণ করতে। অর্থাৎ তাদের সঙ্গে ওঠাবসা করা, বন্ধুত্ব করা, তাদের কল্যাণ কামনা করা। মুসলমানদের গোপন বিষয়াদি তাদেরকে জানিয়ে দেওয়া, গোপনে তাদের কাছে চিঠি পাঠানো ইত্যাদি (কাজ নিষেধ)।[23]

ইমাম কুরতুবী বলেন: অর্থাৎ তোমরা কাফেরদেরকে তোমাদের অন্তরঙ্গ ও বিশেষ বন্ধু হিসেবে গ্রহণ করিও না।[24]

এই সবগুলো আয়াত সুস্পষ্টভাবে প্রমাণ করছে যে, মুমিন ছাড়া অন্য কেউ মুসলমানদের কর্তৃত্বের অধিকারী হতে পারে না। আল্লাহ তা'আলা মুমিনদের উপর কাফেরদের জন্য কর্তৃত্বের কোনো অধিকার রাখেননি।

22 সূরা আন নিসা: ১৪৪

23 তাফসিরে ইবনে কাসির

24 তাফসিরে কুরতুবি

সুন্নাহ থেকে দলিল

عن عُبَادَةَ بْنِ الصَّامِتِ قَالَ دَعَانَا رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم فَبَايَعْنَاهُ فَكَانَ فِيمَا أَخَذَ عَلَيْنَا أَنْ بَايَعَنَا عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ فِي مَنْشَطِنَا وَمَكْرَهِنَا وَعُسْرِنَا وَيُسْرِنَا وَأَثَرَةٍ عَلَيْنَا وَأَنْ لاَ نُنَازِعَ الأَمْرَ أَهْلَهُ قَالَ إِلاَّ أَنْ تَرَوْا كُفْرًا بَوَاحًا عِنْدَكُمْ مِنَ اللهِ فِيهِ بُرْهَانٌ

অর্থ: উবাদাহ বিন সামেত (রাঃ) থেকে বর্ণিতঃ তিনি বলেন, রসূলুল্লাহ ﷺ আমাদের নিকট থেকে আমাদের খুশী ও কষ্টের বিষয়ে, স্বস্তি ও অস্বস্তির বিষয়ে এবং আমাদের অগ্রাধিকার নষ্ট হলেও আনুগত্য ও আদেশ পালনের উপর এবং ক্ষমতাসীন শাসকের বিদ্রোহ না করার উপর বায়আত (প্রতিশ্রুতি) গ্রহণ করেছেন। তিনি বলেছেন, “তবে হ্যাঁ, যদি তোমরা প্রকাশ্য কুফরী হতে দেখ, যাতে তোমাদের নিকট আল্লাহর পক্ষ থেকে কোনো দলীল বর্তমান থাকে (তাহলে বিদ্রোহ করতে পার)।”[25]

25 বুখারী ৭০৫৬, মুসলিম ৪৮৭৭ নং

• • •

কাযী ইয়ায রাহিমাহুল্লাহ বলেন: যদি শাসক মুরতাদ হয়ে যায় এবং শরীয়তের বিধান পাল্টে দেয় বা বিদআতের প্রচলন ঘটায়, তাহলে সে তার দায়িত্ব থেকে অপসারিত হয়ে যাবে। তার আনুগত্য করা আবশ্যক থাকবে না। বরং মুসলমানদের জন্য তাকে অপসারণ করা এবং একজন ন্যায়পরায়ন শাসক নিয়োগ দেওয়া ওয়াজিব হবে। যদি তারা সেটা করতে সক্ষম হয়। যদি এই সক্ষমতা অল্প কিছু লোকের থাকে তাহলে তাদের উপরই এই কাফেরকে অপসারণ করা আবশ্যক হবে।[26]

আলেমদের ইজমা থেকে দলিল

যে ব্যক্তি মুসলমানদের নেতৃত্ব গ্রহণ করবে তার মুসলমান হওয়ার শর্তের বিষয়টি মুসলমানদের ইজমার মাধ্যমে প্রমাণিত। কোনো অবস্থাতেই কাফের মুসলমানদের উপর কর্তৃত্ববান হতে পারে না।

কাযী ইয়ায রাহিমাহুল্লাহ বলেন: সকল আলেম এ ব্যাপারে একমত যে, কোনো কাফের মুসলমানদের শাসক হতে পারে না। যদি মুসলিম শাসক মুরতাদ হয়ে যায় তাহলে সে অপসারিত হয়ে যায়। এমনিভাবেই যদি সে সালাত কায়েম এবং এর দিকে আহবান করা ছেড়ে দেয় (তাহলেও অপসারিত হয়ে যাবে)।[27]

ইবনুল মুনযির বলেন: সকল আলেম এ বিষয়ে একমত যে, কোনো অবস্থাতেই কাফের মুসলমানদের উপর কর্তৃত্বধধারী হতে পারেনা। ইবনু

---

26 শরহুন নববি আলা মুসলিম

27 শরহুন নববি আলা মুসলিম

হাযম বলেন: সকল আলেম এ বিষয়ে একমত যে কোনো কাফের, মহিলা এবং শিশু মুসলমানদের শাসক হতে পারে না।[28]

ইবনু হাজার বলেন: কাফের হয়ে গেলে সকল আলেমের ঐকমত্যে শাসক অপসারিত হয়ে যাবে। প্রত্যেক মুসলমানের উপর আবশ্যক হবে তার বিরুদ্ধে বিদ্রোহ করা। এ ব্যাপারে যে শক্তি প্রদর্শন করবে সে সওয়াবের অধিকারী হবে। আর যে শিথিলতা প্রদর্শন করবে সে গুনাহগার হবে। আর দুর্বলদের জন্য সেই দেশ থেকে হিজরত করে অন্যত্র চলে যাওয়া ওয়াজিব।[29]

বরং ওলামায়ে কেরাম তো এর চেয়ে আরো বড় বিষয় উল্লেখ করেছেন। অধিকাংশ ওলামায়ে কেরাম মনে করেন ফাসেক শাসক অপসারিত হয়ে যাবে এবং তার কর্তৃত্ব বাতিল হয়ে যাবে। যদি তার থেকে ফিসক প্রকাশ পায় এবং ইকামতে দীন ও আল্লাহর শরীয়ত বাস্তবায়নে মুসলমানদের জান-মাল রক্ষার কাজে বাধা দেয়।

এ বিষয়ে ইমাম কুরতুবী বলেন: খলিফা নিয়োগ দেওয়ার পর যদি তার থেকে ফিসক প্রকাশ পায়, তাহলে অধিকাংশ আলেমের মত হলো তার খিলাফা বাতিল হয়ে যাবে এবং প্রকাশ্য ফিসকের কারণে তাকে অপসারণ করা হবে। কারণ এটা প্রমাণিত যে, খলিফা নিয়োগ দেয়া হয় হুদুদ বাস্তবায়ন করার জন্য, প্রকৃত হকদারের হক তার কাছে পৌঁছে দেওয়ার জন্য এবং ইয়াতিম ও পাগলদের সম্পদ সংরক্ষণের জন্য। পাশাপাশি মুসলমানদের

28 মারাতিবুল ইজমা লিইবনি হাযম ৯৩

29 ফাতহুল বারি ১৩/১২৩

সার্বিক বিষয়াদি দেখভাল করার জন্য...। আর যার মধ্যে ফিসক থাকবে, সেটা তাকে এই দায়িত্ব পালনে বাধাগ্রস্ত করবে।[30]

আল্লাহর বান্দারা লক্ষ্য করুন, এই যদি হয় ঐ শাসকের ব্যাপারে আলেমদের অভিমত, যে শাসকের নিয়োগ সম্পন্ন হয়ে গিয়েছে এবং শাসনকাজ জারি হয়ে গেছে এরপর তার মধ্যে ফিসক প্রকাশ পেয়েছে। তাহলে যে পূর্ব থেকেই কাফের; তার ব্যাপারটা কেমন হবে? তার তো কর্তৃত্ব গ্রহণের যোগ্যতাই নেই এবং কুফরের কারণে তার পক্ষে বাইআতও সম্পন্ন হয়নি।

(২) পুরুষ হওয়া

সকল আলেম এ বিষয়ে একমত যে, মহিলা ছোট কিংবা বড় কোনো দায়িত্ব পালনের জন্য উপযুক্ত নয়। এ বিষয়ে কুরআন, সুন্নাহ ও আলেমদের ইজমা থেকে নিম্নে দলিল উল্লেখ করা হলো।

কুরআন থেকে দলিল

আল্লাহ তা'আলা বলেন,

الرِّجَالُ قَوَّامُونَ عَلَى النِّسَاء بِمَا فَضَّلَ اللّهُ بَعْضَهُمْ عَلَى بَعْضٍ وَبِمَا أَنفَقُواْ مِنْ أَمْوَالِهِمْ

অর্থ: "পুরুষ নারীদের অভিভাবক, যেহেতু আল্লাহ তাদের একের উপর অন্যকে শ্রেষ্ঠত্ব দিয়েছেন এবং যেহেতু পুরুষগণ নিজেদের অর্থ-সম্পদ ব্যয় করে।"[31]

---

30 তাফসিরে কুরতুবি

31 সূরা আন নিসা: ৩৪

এই আয়াতে আল্লাহ তা'আলা মহিলার উপর পুরুষের কর্তৃত্বের বিষয়টি উল্লেখ করেছেন। এর মর্ম হলো- পুরুষের উপর কোনো মহিলার দায়িত্ব বা কর্তৃত্ব থাকবে না, এমনকি পারিবারিক ও ঘরোয়া বিষয়াদিতেও।

অতএব মুসলমানদের শাসক হওয়া, দেশ শাসন করা, শত্রুর বিরুদ্ধে জিহাদে নেতৃত্ব প্রদান এগুলো তো কোনোভাবেই মহিলার হাতে হতে পারে না। নিঃসন্দেহে মহিলা এসব কাজের যোগ্য নয় এবং সে এগুলো করতেও পারবে না। এগুলোর জন্য প্রয়োজন সাহসী ও শক্তিশালী পুরুষ, যেন তারা আল্লাহর আদেশ অনুযায়ী যথাযথভাবে এই কাজগুলো বাস্তবায়ন করতে পারেন।

ইমাম বগভী বলেন: কাওয়াম বা কাইয়িম শব্দের অর্থ একই। তবে কাওয়াম শব্দটি অধিক অর্থ বহন করে। দুটো শব্দের অর্থ হলো- দায়িত্ব আঞ্জাম দেওয়া। পরিচালনা করা। আদব শিক্ষা দেওয়া।[32]

ইবনু কাসির রাহিমাহুল্লাহ বলেন: الرِّجَالُ قَوَّامُونَ عَلَى النِّسَاء "পুরুষ নারীদের অভিভাবক"। অর্থাৎ পুরুষ মহিলার উপর কর্তৃত্বধারী। সে মহিলার প্রধান, অভিভাবক, তার ব্যাপারে দায়িত্বশীল, তার পরিচালক এবং মহিলা বক্র পথ অবলম্বন করলে সে মহিলাকে আদব শিক্ষা দিবে। بِمَا فَضَّلَ اللّٰهُ بَعْضَهُمْ "যেহেতু আল্লাহ তাদের একের উপর অন্যকে শ্রেষ্ঠত্ব দিয়েছেন।" অর্থাৎ পুরুষ নারীদের থেকে উত্তম ও শ্রেষ্ঠ। এজন্যই পুরুষরাই

---

32 তাফসিরে বগভী

কেবল নবী হয়েছেন। এমনিভাবে বড় বাদশাহ কেবল পুরুষরাই হতে পারেন। রাসূলুল্লাহ ﷺ বলেছেন,

لَنْ يُفْلِحَ قَوْمٌ وَلَّوْا أَمْرَهُمْ امْرَأَةً.

অর্থ: সে জাতি কখনো সফলকাম হবে না, যারা তাদের শাসনভার কোনো স্ত্রীলোকের হাতে অর্পণ করে।[33]

এমনিভাবে মহিলা বিচারকের পদ ও অন্যান্য পদের উপযুক্ত নয়। وَبِمَا أَنفَقُواْ مِنْ أَمْوَالِهِمْ "এবং যেহেতু পুরুষগণ নিজেদের অর্থ-সম্পদ ব্যয় করে।" মহর, ভরণপোষণ...। তাই পুরুষ দায়িত্বশীল ও অভিভাবক হবে এটাই স্বাভাবিক। যেমনটা আল্লাহ তা'আলা বলেছেন,

وَلِلرِّجَالِ عَلَيْهِنَّ دَرَجَةٌ

অর্থ: "অবশ্য তাদের উপর পুরুষদের এক স্তরের শ্রেষ্ঠত্ব রয়েছে।"[34]

ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বলেন: আল্লাহ তা'আলার বাণী الرِّجَالُ قَوَّامُونَ عَلَى النِّسَاء "পুরুষ নারীদের অভিভাবক।" এর অর্থ হলো- পুরুষরা মহিলাদের উপর শাসক হবে। আল্লাহর আদেশ অনুযায়ী মহিলারা পুরুষদের আনুগত্য করবে।[35]

---

33 সহিহ বুখারী, হাদিস নং ৭০৯৯

34 সূরা আল বাকারা: ২২৮

35 তাফসিরে ইবনে কাসির

ইমাম রাযী বলেন: বিভিন্ন দিক থেকে মহিলার উপর পুরুষেরা শ্রেষ্ঠত্ব রয়েছে। এর মধ্যে কিছু আছে যেগুলো বৈশিষ্ট্যগতভাবে আর কিছু আছে শরয়ী দৃষ্টিকোণ থেকে। মহিলার উপর পুরুষের বৈশিষ্ট্যগত শ্রেষ্ঠত্ব মৌলিকভাবে দুটি বিষয়ের মধ্যে হয়: ইলম ও শক্তি। নিঃসন্দেহে মহিলার তুলনায় পুরুষের জ্ঞান ও বুদ্ধি অনেক বেশি থাকে। এমনিভাবে পুরুষ অনেক কষ্টদায়ক কাজ করতে সক্ষম। এই দুটি কারণে জ্ঞান ও শক্তির ক্ষেত্রে মহিলার উপর পুরুষের শ্রেষ্ঠত্ব লাভ হয়েছে।... (শরয়ী দৃষ্টিকোণ থেকে মহিলারা পর পুরুষের শ্রেষ্ঠত্বের কিছু ক্ষেত্রে হলো) দেশের শাসক হওয়া বা মসজিদের ইমাম হওয়া, জিহাদ পরিচালনা করা, আযান দেওয়া, খুতবা দেওয়া, মসজিদে এতেকাফ বসা, হুদুদ ও কিসাসের ক্ষেত্রে সাক্ষ্য দেওয়া, বিবাহের ক্ষেত্রে অভিভাবক হওয়া, একাধিক বিবাহ করা, বংশবিস্তার সংরক্ষণ করা। (ইত্যাদি সবগুলো বিষয়ে শরীয়ত পুরুষকে মহিলার উপর শ্রেষ্ঠত্ব দান করেছে।)[36]

সুন্নাহ থেকে দলিল

عَنْ أَبِيْ بَكْرَةَ قَالَ لَقَدْ نَفَعَنِى اللهُ بِكَلِمَةٍ
سَمِعْتُهَا مِنْ رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم أَيَّامَ
الْجَمَلِ بَعْدَ مَا كِدْتُ أَنْ أَلْحَقَ بِأَصْحَابِ الْجَمَلِ
فَأُقَاتِلَ مَعَهُمْ قَالَ لَمَّا بَلَغَ رَسُوْلَ اللهِ صلى الله عليه
وسلم أَنَّ أَهْلَ فَارِسَ قَدْ مَلَّكُوْا عَلَيْهِمْ بِنْتَ كِسْرَى
قَالَ لَنْ يُفْلِحَ قَوْمٌ وَلَّوْا أَمْرَهُمْ امْرَأَةً.

36 তাফসিরে রাযী

অর্থ: আবূ বাক্‌রাহ (রাঃ) থেকে বর্ণিতঃ তিনি বলেন, রসূলুল্লাহ ﷺ থেকে শ্রুত একটি বাণীর দ্বারা আল্লাহ জঙ্গে জামালের (উষ্ট্রের যুদ্ধ) দিন আমার মহা উপকার করেছেন, যে সময় আমি সাহাবায়ে কিরামের সঙ্গে মিলিত হয়ে জামাল যুদ্ধে শরীক হতে প্রায় প্রস্তুত হয়েছিলাম। আবূ বাক্‌রাহ (রাঃ) বলেন, সে বাণীটি হল, যখন নবী ﷺ এর কাছে এ খবর পৌঁছল যে, পারস্যবাসী কিসরা কন্যাকে তাদের বাদশাহ মনোনীত করেছেন, তখন তিনি বললেন, সে জাতি কক্ষনো সফল হবে না স্ত্রীলোক যাদের প্রশাসক হয়।[37]

لن يُفلِحَ قَومٌ أسنَدوا أمْرَهم إلى امْرَأةٍ

অর্থ: ওই সম্প্রদায় কিছুতেই সফল হতে পারবে না, যারা তাদের দেখভালের বিষয়াদি কোনো মহিলার কাছে অর্পণ করবে।[38]

(হাদিসের সরল অর্থ) অর্থাৎ আমি জামাল যুদ্ধের দিন এই হাদিসের মাধ্যমে উপকৃত হয়েছিলাম। আবু বাকরা রাদিয়াল্লাহু আনহু এই হাদিসের মাধ্যমে উপকৃত হওয়ার অর্থ হলো- এই হাদিস শুনে তিনি জামাল যুদ্ধে অংশগ্রহণ করেননি। (সে জাতি কক্ষনো সফল হবে না) এ কথার অর্থ হলো- কখনোই তারা কল্যাণ লাভ করতে পারবে না এবং জাতির জন্য যা উপকারী সেটা করতে পারবে না। (স্ত্রীলোক যাদের প্রশাসক হয়।) অর্থাৎ যারা মহিলাকে

37 সহিহ বুখারী, হাদিস নং ৪৪২

38 মুসনাদে আহমাদ ২০৪১৮

অন্তহীন ক্ষমতা দিয়ে রাখে। তাদেরকে নেতা বানায়, মন্ত্রী বানায়, পরিচালক বানায় কিংবা বিচারক বানায়।

শায়খ মানাবী বলেন: (সে জাতি কক্ষণো সফল হবে না স্ত্রীলোক যাদের প্রশাসক হয়।) এর কারণ হলো মহিলাদের অপূর্ণতা ও সঠিক সিদ্ধান্ত দেওয়ার ক্ষেত্রে অক্ষমতা। তাছাড়া শাসককে প্রজাদের অবস্থা দেখভাল করার জন্য বাইরে বের হতে হবে, অথচ মহিলা পর্দার ভিতরে থাকতে আদিষ্ট। বাইরে বের হওয়া তার জন্য উপযোগী নয়। এ কারণে মহিলা শাসক বা বিচারক হওয়ার যোগ্য নয়।[39]

কাযী আবু বকর ইবনুল আরাবী বলেন: এটা সুনির্ধারিত যে, মহিলা কিছুতেই খলিফা হতে পারবে না। এ ব্যাপারে কোনো মতভেদ নেই। কারণ মহিলা উন্মুক্ত মজলিসে আসতে পারবে না এবং পুরুষদের সাথে ওঠাবসা করতে পারবে না। সরাসরি পুরুষদের সাথে আলোচনা করতে পারবে না। কেননা যদি সে যুবতী হয় তাহলে তার দিকে তাকানো এবং তার সাথে কথা বলা হারাম। আর যদি বৃদ্ধা হয় তাহলেও সে পুরুষদের মজলিসে আসতে পারবে না। কারণ এতে করে সবার দৃষ্টি তার উপর পড়বে। আর যারা এই কাজ করবে অর্থাৎ মহিলাদেরকে তাদের শাসক বানাবে তারা কিছুতেই সফল হতে পারবে না।[40]

ইমাম কুরতুবী বলেন: হাদিস যদি বিশুদ্ধ সূত্রে প্রমাণিত হয় তাহলে এর উপর আমল করা আবশ্যক। বিশুদ্ধ সূত্রে প্রমাণিত হাদিসের উপর আমল

---

39 ফয়যুল কাদির

40 আহকামুল কুরআন লিইবনিল আরাবি

করার জন্য অন্য কিছুর অপেক্ষা করার প্রয়োজন নেই। অন্য কারো কথা হাদিসের বিপরীত হলে সেটা পরিত্যাগ করা হবে।[41]

আলেমদের ইজমা থেকে দলিল

মহিলা খলিফা হওয়া জায়েজ না হওয়ার ব্যাপারে আলেমদের মধ্যে কোনো এখতেলাফ নেই। বরং ইবনু হাযম যাহেরী এ ব্যাপারে আলেমদের ইজমা (ঐকমত্য) উল্লেখ করেছেন। তিনি বলেন, আহলুল কেবলা তথা মুসলমানদের কেউই মহিলা খলিফা হওয়াকে জায়েজ বলে না।[42]

শায়খ শানকিতী বলেন: খলিফার জন্য শর্ত হলো পুরুষ হতে হবে। এ বিষয়ে আলেমদের মাঝে কোনো দ্বিমত নেই।[43]

(৩) বুদ্ধিমান ও বিচক্ষণ হওয়া।

এ শর্তটি একেবারেই সুস্পষ্ট। যে ব্যক্তি মুসলমানদের ছোট বা বড় কোনো বিষয়ে দায়িত্বশীল হতে চায় তার মধ্যে এই শর্ত পূরণ হতে হবে; এ বিষয়ে আলেমদের মাঝে কোনো মতভেদ নেই। অতএব উন্মাদনা বা অন্য কোনো কারণে যার বুদ্ধি নষ্ট হয়ে গেছে সে দায়িত্বশীল হতে পারবে না। (কেননা বুদ্ধি হলো, পরিচালনা করার মূল চালিকাশক্তি। যদি বুদ্ধিই না থাকে তাহলে সে পরিচালনা করতে পারবে না।) আলী ইবনু আবু তালিব থেকে বর্ণিতঃ রাসূলুল্লাহ ﷺ বলেছেন,

---

41 তাফসিরে কুরতুবি

42 আলফসলু ফিল মিলাল ৪/৮৯

43 আদওয়াউল বায়ান ১/২৬

رُفِعَ الْقَلَمُ عَنْ ثَلاَثَةٍ عَنِ الْمَجْنُونِ الْمَغْلُوبِ عَلَى عَقْلِهِ حَتَّى يُفِيقَ وَعَنِ النَّائِمِ حَتَّى يَسْتَيْقِظَ وَعَنِ الصَّبِيِّ حَتَّى يَحْتَلِمَ

রাসুলাল্লাহ ﷺ বলেছেন: তিন প্রকার লোকদের উপর হতে কলম তুলে রাখা হয়েছে:

(১) নির্বোধ পাগল, যতক্ষন না সুস্থ হয়

(২) নিদ্রিত ব্যাক্তি, যতক্ষন না জাগ্রত হয়, এবং

(৩) নাবালেগ শিশু, যতক্ষন না প্রাপ্তবয়স্ক হয়।[44]

অতএব যার থেকে কলম উঠিয়ে নেয়া হয়েছে সে কোনো ব্যাপারে হস্তক্ষেপ করতে পারবে না। কারণ শরয়ী দৃষ্টিকোণ সে দায়িত্বশীল হওয়ার উপযুক্ত নয়। আর যে ব্যক্তি নিজের ব্যাপারে হস্তক্ষেপ করার উপযুক্ত নয় সে কিভাবে পুরো মুসলিম উম্মাহর বিষয়াদিতে হস্তক্ষেপ করবে। যে নিজের ব্যাপারে দায়িত্বশীল হতে পারে না সে তো অগ্রাধিকার ভিত্তিতে পুরো উম্মাহর দায়িত্বশীল হতে পারবে না। কারণ যার বুদ্ধি নাই; সে নিজের বিষয়াদি দেখভাল করার জন্য অন্য আরেকজনের মুখাপেক্ষী হয়, তাহলে কি করে তার কাছে সকল মুসলমানদের বিষয়াদি অর্পণ করা হবে?

